মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বুধবার সকালে কলেজের খেলার মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, পৌর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের বার্ষিক ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক মইনুল ইসলাম, অর্থনীতি বিভাগের অধ্যাপক প্রফেসর মোঃ হাবিবুর রহমান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ ফুয়াদ খান, সহকারী অধ্যাপক মোঃ নাহিদ আনদালিব, মোঃ নাহিদ রেজা, মোঃ আলমগীর হোসেন প্রমুখ।

মেহেরপুর সরকারি কলেজে মোট ১৭টি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল ১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, ১৫০০ মিটার দৌড়, লৌহ গোলক নিক্ষেপ, বর্ষা নিক্ষেপ, দীর্ঘ লম্ফ, পিলো পাসিং এবং ‘যেমন খুশি তেমন সাজো’ প্রতিযোগিতা।

এর আগে জাতীয় পতাকা, কলেজ পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে শপথ গ্রহণ ও মাঠ প্রদক্ষিণের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

ঝিনাইদহ পাবলিক স্কুলে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

ঝিনাইদহের পাবলিক স্কুলে উৎসবমুখর পরিবেশে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ প্রতিযোগিতায় শতাধিক শিক্ষার্থী বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে তাদের মেধা ও শারীরিক দক্ষতার পরিচয় দেয়।

গতকাল দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের কেন্দ্রীয় প্রশিক্ষণ সম্পাদক গোলাম মোস্তফা চঞ্চল।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা শাখার সভাপতি শাহীনুর আলম লিটন, সাধারণ সম্পাদক কামরুজ্জামান লিটন, ঝিনাইদহ ক্যাডেট কোচিংয়ের সহকারী পরিচালক রোকনুজ্জামান। অনুষ্ঠানের সভাপতিত্বে করেন বিদ্যালয়ের পরিচালক পরিচালক হাফিজুর রহমান।

সেসময় বক্তারা, শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার গুরুত্ব তুলে ধরেন এবং পড়াশোনার পাশাপাশি নিয়মিত ক্রীড়াচর্চায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করেন।

আলোচনা সভা শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে অতিথিবৃন্দ পুরস্কার বিতরণ করেন। আনন্দঘন এ আয়োজনে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে অনুষ্ঠানটি সফলভাবে সম্পন্ন হয়।

দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

দামুড়হুদা রেসিডেন্সিয়াল আইডিয়াল স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, বৃত্তি প্রাপ্ত কৃতি শিক্ষার্থী সংবর্ধনা, ক্লাস পার্টি ২০২৫ ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১০টায় দামুড়হুদা মিনি স্টেডিয়াম মাঠে অনুষ্ঠানগুলো অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, এই স্কুলের শিক্ষার মান দিনদিন উন্নত হচ্ছে। বাংলাদেশ কিন্ডারগার্টেন অ্যাসোসিয়েশন (বিকেএ) আয়োজিত পরীক্ষায় সারা দেশে চতুর্থ শ্রেণির ৩ জন শিক্ষার্থী প্রথম স্থান অধিকার করে বৃত্তি পেয়েছে। এর মধ্যে অত্র প্রতিষ্ঠানের ছাত্রী তাবাসসুম আফরিন বাংলাদেশে প্রথম স্থান অধিকার করায় আমি এই ক্ষুদে শিক্ষার্থীসহ স্কুলের সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানাই।

অনুষ্ঠানে স্কুলের চেয়ারম্যান আব্দুল হালিমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম এবং দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ।

স্কুলের সহকারী শিক্ষক মাহফুজুর রহমানের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক জসিম উদ্দিন, সহকারী শিক্ষক রুহুল আমীন, মোতাহের হোসেন, রায়হান হোসেন, আফিয়া, জিনিয়া, মাহমুদা, সুবর্ণা আক্তারসহ স্কুলের সকল শিক্ষকবৃন্দ, আমন্ত্রিত অতিথি, শিক্ষার্থী ও অভিভাবকমণ্ডলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। পরে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী এবং বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।